

# Telephonic conversation between Prime Minister and Prime Minister of Bangladesh

April 29, 2020

প্রধানমন্ত্রী এবং বাংলাদেশের প্রধানমন্ত্রীর মধ্যে টেলিফোনে বাক্যালাপ  
এপ্রিল 29,2020

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ গণপ্রজাতান্ত্রিক বাংলাদেশের প্রধানমন্ত্রী মহামান্যা শেখ হাসিনার সঙ্গে টেলিফোনে বাক্যালাপ করেছেন।

প্রধানমন্ত্রী মোদী ভারতের জনগণের তরফ থেকে এবং ওনার নিজের তরফ থেকে পবিত্র রমজান মাসের জন্য বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং বাংলাদেশের জনগণের প্রতি শুভেচ্ছা জানিয়েছেন।

উভয় নেতা COVID-19 অতিমারি প্রাদুর্ভাব থেকে উদ্ধৃত আঞ্চলিক পরিস্থিতি নিয়ে আলোচনা করেছেন এবং তাদের নিজ নিজ দেশে এর প্রভাবকে প্রশমিত করার জন্য গৃহীত পদক্ষেপগুলি সম্পর্কে নিজেদের মধ্যে সংক্ষিপ্ত বিনিময় করেছেন।

গত 15ই মার্চ তারিখে সার্কভুক্ত দেশগুলির নেতাদের মধ্যে সহমতের ভিত্তিতে গৃহীত বিশেষ বন্দোবস্তগুলির বাস্তবায়নের অগ্রগতির জন্য উভয় নেতা তাদের সন্তোষ প্রকাশ করেছেন। সার্ক COVID-19 জরুরী তহবিলে বাংলাদেশের তরফ থেকে প্রদত্ত 1.5 মার্কিন ডলারের অনুদানের জন্য প্রধানমন্ত্রী মোদী বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ দিয়েছেন।

এই অঞ্চলে COVID 19 এর মোকাবিলাতে সমন্বয় সাধনের জন্য প্রধানমন্ত্রী মোদীর নেতৃত্ব দেওয়া এবং ওষুধের যোগান ও যোগত্যা অর্জন - এই উভয়ক্ষেত্রে বাংলাদেশকে সাহায্য প্রদানের জন্য বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁকে ধন্যবাদ জানিয়েছেন।

সীমান্ত পেরিয়ে সড়কপথে,রেলপথে ,জলপথে ও বিমানপথের মাধ্যমে অত্যাবশ্যক পণ্যের যোগানের ধারাবাহিকতাকে বজায় রাখার জন্য উভয় নেতা তাদের সন্তোষ প্রকাশ করেছেন। প্রধানমন্ত্রী মোদী, ঐতিহাসিক, সাংস্কৃতিক, ভাষা এবং ভাতৃয়ের মৈত্রীবন্ধনের অংশভাগীত্বের কথা স্মরণ করে, দ্বিপাক্ষিক সম্পর্কের চরম উৎকর্ষ অবস্থানের জন্য সন্তোষ প্রকাশ করেছেন এবং আশ্বস্ত করেছেন যে, COVID-19 এর বিস্তারকে গন্ডিবন্ধী রাখার জন্য ও স্বাস্থ্য এবং অর্থনীতিতে অতিমারির প্রভাবকে প্রশমিত করার ক্ষেত্রে বাংলাদেশকে সাহায্য করার জন্য ভারত প্রস্তুত রয়েছে।

এই ঐতিহাসিক মুজিববর্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং বাংলাদেশের বন্ধুভাবাপন্ন সকল জনগণের সুস্বাস্থ্য ও মঙ্গলের জন্য প্রধানমন্ত্রী তাঁর শুভকামনা জানিয়েছেন।

নিউ দিল্লি

এপ্রিল 29.2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.